

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা বিষয়ক অধিদপ্তর  
(জনসংযোগ শাখা)  
৩৭/৩, ইন্সটান গার্ডেন রোড, ঢাকা।

## প্রেসরিলিজ

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ংর ১০২তম জন্মবার্ষিকী ও মুজিববর্ষ উদযাপন উপলক্ষে জেলা ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে কর্মসূচি বাস্তবায়ন করা হয়েছে।

### **মহিলা বিষয়ক অধিদপ্তরের প্রধান কার্যালয়ে বাস্তবায়িত কর্মসূচীঃ**

জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে মহিলা বিষয়ক অধিদপ্তরে ভোর ৫.৩০ মি: জাতীয় পতাকা উত্তোলন করা হয় এবং জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়। পুষ্পস্তবক অর্পণ করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী, ফজিলাতুন নেসা ইন্দিরা এমপি। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ংর ১০২তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২২ উদযাপন উপলক্ষে ১৪/০৩/২০২২ থেকে ১৭/০৩/২০২২ পর্যন্ত মহিলা বিষয়ক অধিদপ্তর ভবন আলোকসজ্জায় সজ্জিত করা হয়। পবিত্র কুরআন তিলাওয়াত এবং জন্মবার্ষিকী উপলক্ষে কেক কেটে অনুষ্ঠান শুরু হয়। এছাড়াও দিবসটি উদযাপন উপলক্ষে মহিলা বিষয়ক অধিদপ্তরের ৫ম তলার মাল্টিপারপাস হলরুমে এক আলোচনা সভা, গবেষণাপত্র উপস্থাপন ও ডকুমেন্টরী প্রদর্শনের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ফজিলাতুন নেসা ইন্দিরা এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. মু: আনোয়ার হোসেন হাওলাদার, মাননীয় সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মহিলা বিষয়ক অধিদপ্তরের মহাপরিচালক ফরিদা পারভীন। গবেষণাপত্র উপস্থাপন করেন ড. তানিয়া হক, প্রফেসর, ডিপার্টমেন্ট অব উইমেন এন্ড জেন্ডার স্টাডিস, ঢাকা বিশ্ববিদ্যালয়। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং মহিলা বিষয়ক অধিদপ্তরের উর্ধ্বতন কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।